

ঝুঁগাত্তৰ

বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস

পলাশে দেড় হাজার শিক্ষকের মধ্যে বই বিতরণ

প্রকাশ : ১৮ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

 পলাশ (নরসিংদী) প্রতিনিধি

নরসিংদীর পলাশে জাতীয় শিশু দিবস ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মবার্ষিকী উপলক্ষে উপজেলার প্রায় দেড় হাজার শিক্ষকের মধ্যে বই বিতরণ করা হয়। শনিবার বিকালে উপজেলার ঘোড়াশাল পাইলট উচ্চবিদ্যালয় মাঠে উপজেলা প্রশাসনের আয়োজনে এ ব্যতিক্রমধর্মী আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা ভাস্কর দেবনাথ বাপ্পির সভাপতিত্বে বই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি আনোয়ারুল আশরাফ খান দিলীপ। উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য কামরুল আশরাফ খান পোটন। বিশেষ অতিথি ছিলেন পলাশ উপজেলা চেয়ারম্যান সৈয়দ জাবেদ হেসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. মতিউর রহমান, ইস্প্রা কনসাল্টিং ইন্টারন্যাশনাল ইউএসএ প্রতিষ্ঠাতা মুনির হাসান খান, ঘোড়াশাল পাইলট উচ্চবিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি বিশিষ্ট শিল্পপতি সাফিনা রহমান প্রমুখ।

তারপ্রাণে সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।